



Bangladesh Submarine Cables PLC (BSCPLC)

বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি (বিএসসিপিএলসি)

(A Public Limited Company under Posts and Telecommunications Division of MoPT&T)




ডাক ও টেলিযোগাযোগ বিভাগ  
POSTS & TELECOMMUNICATIONS DIVISION

## “প্রেস বিজ্ঞপ্তি”

কক্সবাজারে স্থাপিত দেশের প্রথম সাবমেরিন ক্যাবল (SEA-ME-WE 4) এর রক্ষণাবেক্ষণ কাজটি স্থগিতকরণ প্রসঙ্গে

ঢাকা, ২৯ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রি. এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি (বিএসসিপিএলসি) এর আওতাধীন কক্সবাজারে স্থাপিত দেশের প্রথম সাবমেরিন ক্যাবল (SEA-ME-WE 4) সিস্টেমের সিম্বাপুর প্রান্তে কনসোর্টিয়াম কর্তৃক আগামী ২রা মার্চ, ২০২৪ খ্রি. তারিখে কারিগরি ত্রুটি নিরসনের জন্য রক্ষণাবেক্ষণ কার্যক্রম গ্রহণ করা হয়েছিল। পরবর্তীতে একই সময়ে অন্যান্য কনসোর্টিয়ামের সাবমেরিন ক্যাবল সিস্টেমে কারিগরি ত্রুটি পরিলক্ষিত হওয়ায় SEA-ME-WE 4 এর বর্ণিত রক্ষণাবেক্ষণ কাজটি কনসোর্টিয়াম কর্তৃক স্থগিত করা হয়েছে। এসময়, আগামী ২রা মার্চ, ২০২৪ খ্রি. তারিখে SEA-ME-WE 4 এর মাধ্যমে বিএসসিপিএলসি-এর সকল সার্কিট যথাযথ চালা থাকবে।

উক্ত রক্ষণাবেক্ষণ কাজটির সময়সূচি কনসোর্টিয়াম কর্তৃক পুনঃনির্ধারণ করা হলে বিষয়টি পরবর্তীতে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হবে।

  
২৯/০২/২০২৪  
(মো: শহিদুল ইসলাম)

মহাব্যবস্থাপক (চালনা ও রক্ষণাবেক্ষণ)  
বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি  
ফোন (অফিস): +৮৮০২২২৬৬০৩৩১৪  
E-mail: gm.onm@bscplc.gov.bd

প্রতি,  
বার্তা সম্পাদক/চিফ রিপোর্টার

বি:দ্র: উপরোক্ত প্রেস বিজ্ঞপ্তিটি আগামী ০১/০৩/২০২৪ খ্রি. তারিখে আপনার পত্রিকায় প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।